

## বিদ্যালয়ের মাঠ, না জলাশয়

শাহীন আলম, দেবদ্বার

২৭ আগস্ট ২০১৯ ০০:০০ | আপডেট: ২৭ আগস্ট ২০১৯ ০১:১৭



আমাদের সময়

বিদ্যালয়ে প্রবেশের পথ ও সামনে খেলার মাঠ নেই। আছে নর্দমাপূর্ণ বিশাল জলাশয়। মাঠের অভাবে শিক্ষার্থীরা বারান্দায় খেলতে গিয়ে প্রায়ই পা ফাঁসকে পড়ছে নর্দমার পানিতে। পানি খাওয়ার একটি মাত্র নলকূপ। সেটি এখন জলাশয়ের মাঝখানে। শিক্ষার্থীদের ইটের ওপর এক পা, দুই পা ফেলে একেকজন করে গ্লাস হাতে নিয়ে জলাশয়ে থাকা নলকূপ থেকে পানি এনে খেতে হচ্ছে। এটি কুমিল্লার দেবদ্বার উপজেলার চান্দপুর মডেল টেকনিক্যাল হাইস্কুল।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক কবির হোসেন জানান, পাশে বিদ্যালয় ভবনের কাজ চলছে। বর্ষা মৌসুমে প্রায়ই বিদ্যালয়ের মাঠে পানি জমে থাকে। পানি নিষ্কাশনের কোনো ড্রেন নেই। শিক্ষার্থীদের খেলার মাঠ আছে কিনা প্রশ্ন করায় তিনি জানান, খেলার মাঠ আছে। তবে অন্য এক জায়গায়। সেটি কোথায় আছে, তা তিনি বলতে পারেননি।

বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভাপতি সালাম ভূঁইয়া জানান, বিদ্যালয়টি ১৯৮৪ সালে ৬০ শতাংশ জমিতে প্রতিষ্ঠা করা হয়। গোলাম মোস্তফা মিলন বিদ্যালয়ের প্রায় ৫ শতাংশ জমি দখল করে রেখেছেন। এ কারণে পানি নিষ্কাশনের ব্যবস্থা করা যাচ্ছে না। তিনি আগামী সপ্তাহে সভাপতির দায়িত্ব নেবেন। দায়িত্ব নেওয়ার পর মাঠভরাটের উদ্যোগ নেবেন বলে জানান।

তিনি জানান, বিদ্যালয়ের ফান্ডে এক লাখ টাকাও নেই। দায়িত্ব নেওয়ার পর পরই তিনি সরকারি কর্মকর্তা দিয়ে অডিট করে advertisement  
আয়-ব্যয়ের হিসাব চাইবেন বলে জানান। দেবীদ্বার উপজেলা উচ্চ মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা একেএম আলী জিন্নাহ বলেন,  
বিদ্যালয়ের নর্দমাযুক্ত মাঠ মারাত্মকভাবে পরিবেশ দূষণ করছে। তিনি বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও পরিচালনা পর্ষদের সভাপতিকে দ্রুত মাঠটি ভরাটের নির্দেশ দেবেন বলে জানান।